

১০। বেশ কয়েক বছর ধরে বিক্রমপুর চা বাগানের বার্ষিক আয় ওঠানামা করছিল। তাই আয় নির্দিষ্ট করার লক্ষ্যে বাগান কর্তৃপক্ষ উৎপাদন ব্যবস্থা কয়েক বছরের জন্য কতিপয় ব্যক্তির নিকট বরাদ্দ দেয়। এ ব্যবস্থায় নতুন ইজারাদাররা বেশি মুনাফা লাভের আশায় চা শ্রমিকদেরকে কম পারিশ্রমিক দিয়ে অতিরিক্ত কাজ করান। চা শ্রমিকদের অবস্থার উন্নয়নের প্রতি তাদের কোন দৃষ্টি ছিলনা। এ দুরবস্থা থেকে মুক্তি পেতে এবং বাগানের আয় নির্দিষ্ট করতে বাগান কর্তৃপক্ষ ইজারাদারদের সাথে প্রথমে দশ বছরের জন্য এবং পরে এককালীন স্থায়ীভাবে চুক্তি সম্পাদন করে।

- ক) বাংলায় দ্বৈত শাসন ব্যবস্থা চালু করেন কে? ১  
খ) দেওয়ানী কী? ব্যাখ্যা কর। ২  
গ) উদ্দীপকে বাগান কর্তৃপক্ষ কর্তৃক ইজারাদারদের স্থায়ীভাবে চা বাগান বরাদ্দ দেয়ার ঘটনাটি পাঠ্যপুস্তকের কোন ঘটনাকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩  
ঘ) তুমি কি মনে কর উক্ত ব্যবস্থা চা শ্রমিকদের জন্য সুবিধাজনক হয়েছিল? যুক্তি দেখাও। ৪

১১।



মহাস্থানগড়

- ক) প্রাচীন বাংলার সবচেয়ে ক্ষুদ্র জনপদ কোনটি? ১  
খ) জনপদের সংজ্ঞা দাও। ২  
গ) উদ্দীপকের চিত্রটি প্রাচীন বাংলার কোন জনপদকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩  
ঘ) উক্ত জনপদসহ প্রাচীন বাংলার অন্যান্য জনপদসমূহের বর্তমান অবস্থান চিহ্নিত কর। ৪

## রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

### মডেল প্রশ্ন

শ্রেণিঃ দশম বিষয়ঃ বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা বিষয় কোডঃ ১ ৫ ৩  
সময়ঃ ২ ঘন্টা ১০ মিনিট পূর্ণমানঃ ৭০

[দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোন সাতটি সৃজনশীল প্রশ্নের উত্তর দাও।]

- ১। রাজশাহী একটি আধুনিক শহর। এখানকার অধিবাসীরা ইট দিয়ে তৈরি দালানে বসবাস করে। এ শহরে রয়েছে সোজা প্রশস্ত রাস্তা এবং রাস্তার দু'পাশ দিয়ে রয়েছে সারি-সারি ল্যাম্পপোস্ট। শহরের জল নিষ্কাশনের জন্য রয়েছে সুপরিকল্পিত অনেক নর্দমা; যেগুলো শহরকে জলমগ্নতা থেকে রক্ষা করে।  
ক) আধুনিক ইতিহাসের জনক কে? ১  
খ) হেরোডোটাসকে ইতিহাসের জনক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২  
গ) উদ্দীপকে উল্লিখিত রাজশাহী নগরীর সাথে প্রাচীন কোন সভ্যতার মিল রয়েছে? সাদৃশ্যতা দেখাও। ৩  
ঘ) বিশ্বসভ্যতায় উক্ত সভ্যতার বিভিন্ন অবদানগুলো আলোচনা কর। ৪  
২।

লিখিত উপাদান	অলিখিত উপাদান
পাহাড়পুর বৌদ্ধ বিহারের ধ্বংসাবশেষ	বঙ্গবন্ধুর ৭ ই মার্চের ভাষণের ভিডিও ফুটেজ
ইবনে বতুতা কর্তৃক লিখিত ভ্রমণ কাহিনী কিতাবুল রেহালা বা সফরনামা	রাজা ধর্মপালের আমলের খালিমপুর তাম্রশাসন
সমুদ্রগুপ্তের জারিকৃত মুদ্রা	নেপাল থেকে আবিষ্কৃত চর্যাপদ

- ক) পাথরের যুগ কত প্রকার? ১  
খ) প্রাচীন সভ্যতাগুলো নদীর তীরে গড়ে উঠেছিল কেন? ব্যাখ্যা কর। ২  
গ) উদ্দীপকে উল্লিখিত ইতিহাসের উপাদানগুলোকে সঠিকভাবে সাজাও। ৩  
ঘ) অলিখিত উপাদানসমূহ ইতিহাস রচনায় কিভাবে সহায়তা করে? উদাহরনসহ ব্যাখ্যা কর। ৪  
৩।



পাহাড়পুর বৌদ্ধবিহার

- ক) শশাঙ্কের রাজধানী কোথায় ছিল? ১  
খ) মাৎসান্যায় কী? ব্যাখ্যা কর। ২  
গ) উদ্দীপকের চিত্রটির সাথে পাল বংশের কোন রাজার নাম জড়িত? ব্যাখ্যা কর। ৩  
ঘ) উক্ত রাজার শাসনামলের উল্লেখযোগ্য কর্মকান্ডের বিবরণ দাও। ৪

বর্ণের নাম	পেশার নাম
ব্রাহ্মণ	ব্যাবসা-বাণিজ্য
ক্ষত্রিয়	অধ্যাপনা ও পূজা-আর্চনা
বৈশ্য	যুদ্ধ-বিগ্রহ
শূদ্র	কৃষক-শ্রমিক

- ক) বাংলা সাহিত্যের আদি নিদর্শন কী? ১
- খ) মধ্যযুগে বাংলায় নৌবাহিনী গড়ে তোলার কারণ কী ছিল? ব্যাখ্যা কর। ২
- গ) উদ্দীপকে উল্লিখিত বর্ণের সাথে পেশাগুলোকে সঠিকভাবে সাজাও। ৩
- ঘ) তুমি কী মনে কর প্রাচীন বাংলার হিন্দু সমাজে প্রচলিত বর্ণব্যবস্থা সুষ্ঠু সমাজব্যবস্থার উদাহরন? উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

৫। সবুজ ইতিহাস পাঠ করে প্রাচীন রাজা-বাদশাহদের মত স্বীয় কর্মশক্তিতে বিশ্বাসী ছিলেন। তিনি ঢাকা ইপিজেডে কয়েকটি শিল্প প্রতিষ্ঠানে চাকরি প্রার্থনা করে ব্যর্থ হন। শেষে বাইরের একটি শিল্প প্রতিষ্ঠানে চাকরি পান। কিন্তু এ ধরনের সামান্য পদে তিনি সন্তুষ্ট থাকতে পারেন নি। সেখান থেকে চট্টগ্রামে গিয়ে তিনি একজন শিল্পপতির দুটি শিল্প প্রতিষ্ঠান পর্যবেক্ষনের দায়িত্ব লাভ করেন। এখান থেকে অভিজ্ঞতা অর্জন করে তিনি নিজেই খুব অল্প সময়ের মধ্যে শিল্প প্রতিষ্ঠানের মালিক হন। ঢাকা ও চট্টগ্রামে এখন তার অনেক গুলো শিল্প প্রতিষ্ঠান।

- ক) লক্ষ্মনসেনের প্রধান রাজধানী কোথায় ছিল? ১
- খ) শামসুদ্দিন ইলিয়াস শাহ কে ‘শাহ-ই-বাঙ্গালা’ বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ) সবুজ পাঠ্যপুস্তকের কোন ব্যক্তির অভিজ্ঞতা কাজে লাগিয়ে নিজের ভাগ্য গড়ে নেন-বর্ণনা কর। ৩
- ঘ) উক্ত ব্যক্তির সফলতার পেছনে কি কি কারণ ছিল বলে তুমি মনে কর? পাঠ্যপুস্তকের আলোকে তোমার মতামত দাও। ৪

৬। নেলসন ম্যান্ডেলা; আফ্রিকার কালো মানুষদের অধিকার আদায়ের সংগ্রামে যার নামটি বিশেষভাবে জড়িত, তাকে দক্ষিণ আফ্রিকার শ্বেতাংগ সরকার দক্ষিণ আফ্রিকার মূল ভূ-খন্ড থেকে বিচ্ছিন্ন রুবেন দ্বীপে প্রায় ২৭ বছর কারাবদ্ধ করে রেখেছিল। ১৯৯০ সালে মহান এই নেতা উক্ত জেলখানা থেকে মুক্তি লাভ করে দেশে ফিরে আসেন। আর তার অল্প কিছুদিন পরেই সাধারণ নির্বাচনের মাধ্যমে ভোটে জয়লাভ করে দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রক্ষমতায় বসেন। রাষ্ট্রক্ষমতায় বসে তিনি বিভিন্ন উন্নয়নমূলক কাজ করতে থাকেন।

- ক) স্বাধীন বাংলাদেশে প্রথম সাধারণ নির্বাচন হয় কত সালে? ১
- খ) পোড়ামাটি নীতি কি? ব্যাখ্যা কর। ২
- গ) নেলসন ম্যান্ডেলার জেলমুক্তি ও নিজ ভূ-খন্ডে ফিরে আসার ঘটনার সাথে পাঠ্যপুস্তকের কোন ঐতিহাসিক চরিত্রের মিল খুঁজে পাওয়া যায়? সাদৃশ্যতা দেখাও। ৩
- ঘ) রাষ্ট্র পুনঃগঠণে উক্ত ব্যক্তি কি কি পদক্ষেপ গ্রহণ করেছিলেন তা সংক্ষেপে তুলে ধর। ৪

৭। মানুষ কতটা অকৃতজ্ঞ হতে পারে তা একটি গল্পের মাধ্যমে স্পষ্ট করা যেতে পারে। ‘ক’ রাষ্ট্রের সেনাবাহিনীর প্রধান কর্নেল মাসুদকে এক সেনা অভ্যুত্থানের মধ্যে দিয়ে গৃহবন্দী করে রাখা হয়। কিন্তু সুচতুর মাসুদ আরেকজন প্রাক্তন সেনা অফিসার মেজর শাকিলের কাছে সাহায্য প্রার্থনা করলে মেজর শাকিল কর্নেল মাসুদকে গৃহবন্দী অবস্থা থেকে মুক্ত করেন। কিন্তু অকৃতজ্ঞ মাসুদ পরবর্তীতে সুযোগ বুঝে অবৈধভাবে রাষ্ট্র ক্ষমতা দখল করেন এবং মেজর শাকিলকে বিচারের নামে হত্যা করেন।

- ক) বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের তারিখ লিখ। ১
- খ) ইনডেমনিটি অধ্যাদেশ কী? ব্যাখ্যা কর। ২
- গ) উদ্দীপকের কর্নেল মাসুদের সাথে পাঠ্যপুস্তকের কোন ব্যক্তির মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ) উক্ত ব্যক্তি তার ক্ষমতা সুসংহত করার জন্য কি কি পদক্ষেপ নিয়েছিলেন? ব্যাখ্যা কর। ৪
- ৮।

ব্যক্তির নাম	তাদের কর্ম
স্যার সৈয়দ আহমদ খান	সেন্ট্রাল মোহামেডান এসোসিয়েশন
নওয়াব আবদুল লতিফ	মোহামেডান লিটারেরি সোসাইটি
সৈয়দ আমীর আলী	আলীগড় আন্দোলন

- ক) মহাত্মা গান্ধী অসহযোগ আন্দোলনের ডাক দেন কত সালে? ১
- খ) ভারতে খিলাফত আন্দোলন কেন হয়েছিল? ব্যাখ্যা কর। ২
- গ) উদ্দীপকের ব্যক্তিত্বের সাথে তাদের কর্মগুলো সঠিকভাবে উপস্থাপন কর। ৩
- ঘ) তুমি কী মনে কর উক্ত ব্যক্তিবর্গের কর্মকান্ড ভারতীয় মুসলিমদের শিক্ষা-দীক্ষায় অগ্রসর করেছিল? উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

৯। অনিমা ডিসকভারি চ্যানেলে জর্নৈক রোমান রাজার সাথে এক বিদেশি শক্তির যুদ্ধের কাহিনী দেখছিল। নদী তীরের এই যুদ্ধক্ষেত্রে রাজার পক্ষে তাঁর স্বদেশী এক সেনাপতি ও অন্য বিদেশি সেনাপতি যুদ্ধ করেন। কিন্তু বিদেশি সেনাপতিরা রাজার পক্ষে প্রাণপণ লড়াই করলেও রাজার বিশ্বস্ত এক সেনাপতির বিশ্বাসঘাতকতার কারণে উক্ত যুদ্ধে ঐ রোমান রাজা পরাজিত হন। এই পরাজয়ের ফলাফল ছিল সুদূরপ্রসারী।

- ক) বাংলায় চিরস্থায়ী বন্দোবস্ত চালু করেন কে? ১
- খ) অন্ধকূপ হত্যাকাহিনীকে মিথ্যা প্রমাণ কর। ২
- গ) অনিমা ডিসকভারি চ্যানেলে কোন যুদ্ধের কাহিনী দেখল? ব্যাখ্যা কর। ৩
- ঘ) “উক্ত যুদ্ধের ফলাফল ছিল সুদূরপ্রসারী”- উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪